

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
বেসরকারি মাধ্যমিক-১
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.moedu.gov.bd


নং-৩৭.০০.০০০০.০৭২.৪৪.০৬৫.১২. ৯৯৬

তারিখ : ০৮ কার্তিক ১৪২৪ বঙ্গাব্দ
২৩ অক্টোবর ২০১৭ খ্রিস্টাব্দ

বিষয় : বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান শিক্ষক কর্মচারী কল্যান ট্রাস্ট প্রদত্ত চিঠির প্রেক্ষিতে এ.এ.এম তালিবুর রহমান-এর বিরুদ্ধে আনিত সাময়িক বরখাস্তের আদেশ প্রত্যাহার করে অবসর সুবিধা, শিক্ষক কল্যান ভাতা প্রদানের ব্যবস্থা গ্রহণ এবং তার প্রাপ্য বেতনসহ অন্যান্য সুবিধাদি প্রদান প্রসঙ্গে।
সূত্র : ৩৭.০০.০০০০.০৭২.৪৪.০৬৫.১২.২৩৭, তারিখ: ২৭ মার্চ ২০১৭ খ্রিস্টাব্দ।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান শিক্ষক কর্মচারী কল্যান ট্রাস্ট প্রদত্ত চিঠির প্রেক্ষিতে জনাব এ.এ.এম তালিবুর রহমান, প্রাক্তন অধ্যক্ষ, মতিঝিল মডেল স্কুল ও কলেজ, ঢাকা-এর আবেদনে বর্ণিত সাময়িক বরখাস্তের বিষয়ে যথাযথভাবে নিষ্পত্তি করে অবসর সুবিধা, শিক্ষক কল্যান ভাতা প্রাপ্তির জন্য ছাড়পত্র এবং তার প্রাপ্য বেতনসহ অন্যান্য সুবিধাদি বিধি মোতাবেক প্রদানের লক্ষ্যে স্কুল ও কলেজ কর্তৃপক্ষকে নির্দেশনা প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হয়েছিল।

০২। এমতাবস্থায়, জনাব এ.এ.এম তালিবুর রহমান, প্রাক্তন অধ্যক্ষ, মতিঝিল মডেল স্কুল ও কলেজ, ঢাকা-এর আবেদনে বর্ণিত অবসর সুবিধা, শিক্ষক কল্যান ভাতা প্রাপ্তির জন্য ছাড়পত্র এবং তার প্রাপ্য বেতনসহ অন্যান্য সুবিধাদি প্রদানে গৃহীত ব্যবস্থা আগামী ০৩ (তিন) কার্যদিবসের মধ্যে মন্ত্রণালয়কে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।


(সালমা জাহান)
যুগ্মসচিব

ফোনঃ ৯৫৫০৩৪১

ই-মেইল : ds_sec2@moedu.gov.bd

চেয়ারম্যান
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
ঢাকা।

নং-৩৭.০০.০০০০.০৭২.৪৪.০৬৫.১২. ৯৯৬

তারিখ : ০৮ কার্তিক ১৪২৪ বঙ্গাব্দ
২৩ অক্টোবর ২০১৭ খ্রিস্টাব্দ

অনুলিপি ও সদয় কার্যার্থেঃ

- ০১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০২। সচিব মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৩। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ০৪। অতিরিক্ত সচিব (বেসরকারি মাধ্যমিক/সরকারি মাধ্যমিক) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৫। সভাপতি/অধ্যক্ষ, মতিঝিল মডেল স্কুল ও কলেজ, মতিঝিল, ঢাকা।
- ০৬। এ.এ.এম তালিবুর রহমান, সাবেক অধ্যক্ষ, মতিঝিল মডেল স্কুল এন্ড কলেজ, মতিঝিল, ঢাকা।


(সালমা জাহান)
যুগ্মসচিব